# ২০২৬

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা — মাইনর

### পত্র : MN-4

### (বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ)

### পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) ‘সব লোকে কয় লালন কি জাত সংসারে’— এই গানে লালন ফকির জাতপাত, ধর্ম-বিভেদের যে অন্তঃসারশূন্যতার কথা বলেছেন, তার পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) ‘বঙ্গভাষা’ (“হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন”)— কবিতায় মধুসূদন দত্তের বাংলা ভাষার প্রতি যে গভীর অনুরাগ প্রকাশিত হয়েছে, তা আলোচনা করো। ১৫

২। (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘শাস্তি’ গল্পের চন্দরা চরিত্রটি আলোচনা করো। ১৫

*অথবা*

(খ) ‘চরণদাস এম.এল.এ.’ গল্পে রাজনৈতিক নেতার যে চিত্র আঁকা হয়েছে, তা বিশদে ব্যাখ্যা করো। ১৫

৩। (ক) প্রহসন হিসাবে ‘একেই কি বলে সভ্যতা?’ নাটকের সার্থকতা বিচার করো। ১৫

*অথবা*

(খ) ‘একেই কি বলে সভ্যতা?’ নাটকে নব(কুমার) চরিত্রটি আলোচনা করো। ১৫

৪। (ক) “কেবল আসার আশা, ভবে আসা, আসামাত্র হলো।”— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ৫

*অথবা*

(খ) নজরুল ইসলামের ‘কাণ্ডারী হুঁশিয়ার’ কবিতার মূল বক্তব্য সংক্ষেপে লেখো। ৫

৫। (ক) ‘আদাব’ শব্দের অর্থ কী? ‘আদাব’ গল্পের মধ্যে কীভাবে তা প্রকাশিত হয়েছে — সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+৪

*অথবা*

(খ) ‘অভাগীর স্বর্গ’ গল্পের নামকরণের তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

৬। (ক) 'একেই কি বলে সভ্যতা?' নাটকে 'কর্ত্তা মহাশয়'-এর চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা*

(খ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকে 'জ্ঞানতরঙ্গিণী সভা'র উদ্দেশ্য কী ছিল তা লেখো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) "লুই ভণই গুরু পুচ্ছিঅ জাণ"— 'ভণই' এবং 'পুচ্ছিঅ' শব্দের অর্থ লেখো।

(খ) 'বাবরের প্রার্থনা' কবিতায় বাবর কার জন্যে প্রার্থনা করেছিল?

(গ) 'সই কেবা শুনাইল শ্যাম নাম'— এটি কোন্ পর্যায়ের পদ?

(ঘ) ফাঁসির আগে কে চন্দরাকে দেখতে চেয়েছিল?

(ঙ) 'হারানের নাতজামাই' গল্পে জোতদারের নাম কী ছিল?

(চ) 'ইয়েমিয়েলিয়ে' এবং 'মায়লে-জী' শব্দ দু'টি কোন শব্দের পরিবর্তিত রূপ?

(ছ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকের তিনটি নারী চরিত্রের নাম লেখো।

(জ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকের প্রকাশ সাল কত?

(ঝ) 'একেই কি বলে সভ্যতা?' নাটকটি কটি অঙ্কে বিভক্ত?

(ঞ) "তিনি তো মানুষ নন, তিনি যে দেবতা, তিনি যে ভগবান।"— এখানে কার কথা বলা হয়েছে?

(ট) "এই ঘণ্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।"— কার সম্বন্ধে বলা হয়েছে?

(ঠ) "দিন দিন শশিকলার ন্যায় বাড়িতে লাগিল"— এখানে কার বেড়ে ওঠার কথা বলা হয়েছে?

(ড) 'চরণদাস এম.এল.এ' গল্পে 'ভোটারী' কাদের বলা হয়েছে?

(ঢ) "...এ ভরা বাদর মাহ ভাদর"— এখানে 'মাহ' ও 'ভাদর' শব্দ দুটির অর্থ লেখো।

(ণ) চর্যাপদের প্রথম পদটির রচয়িতা কে?